ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৯৯
উদয়পুর, ৩০ অক্টোবর, ২০২৬

সাংবাদিক সম্মেলনে গোমতী জিলা পরিষদের সভাধিপতি
৮ নভেম্বর থেকে মাতা ত্রিপুরেশ্বরী মেলা প্রাঙ্গণে
৩দিনব্যাপী ঐতিহ্যবাহী দীপাবলী উৎসব ও মেলা শুরু

আগামী ৮ নভেম্বর থেকে মাতা ত্রিপুরেশ্বরী মেলা প্রাঙ্গণে ৩দিনব্যাপী ঐতিহ্যবাহী দীপাবলী উৎসব ও মেলা শুরু হচ্ছে। ৮ নভেম্বর সন্ধ্যা ৬টায় মেলা ও উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ সন্ধ্যায় গোমতী জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় এ তথ্য জানান। তিনি জানান, অন্যান্য বছরের মতো এবারও মেলায় ব্যাপক সংখ্যক পুণ্যার্থীর সমাগম হবে বলে আশা করা হচ্ছে। জনসমাগমের অতীতের সমস্ত রেকর্ড এবার ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এই উৎসবকে সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সমস্ত প্রস্তুতি নেওয়া হচ্ছে।

সভাধিপতি শ্রী দেবরায় জানান, মেলায় অংশগ্রহণকারী ব্যবসায়ীদের দোকান ভিটি লটারির মাধ্যমে বন্টন করা হবে। আগামীকাল থেকেই এর জন্য কুপন দেওয়া হবে। দোকান ভিটি পাওয়ার জন্য একজনই একটি কুপন নিতে পারবেন। গতবার এই মেলায় ৮০০টি দোকান ভিটি খোলা হয়েছিল। এবার এই সংখ্যা বেড়ে হবে ১ হাজার। রাজ্যের সব অংশের মানুষ যাতে এই মেলায় সামিল হতে পারেন সেজন্য ওই সময় বিশেষ ট্রেন চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, ৩দিনব্যাপী এই মেলায় এবারও তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। সাংবাদিক সম্মেলনে গোমতী জিলা পরিষদের সহকারি সভাধিপতি সুজন সেন, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন প্রমুখ উপস্থিত ছিলেন।

****